

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৫, ২০২০

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন প্রশাসন শাখা  
সংশোধনী বিভাগ

তারিখ : ১০ ফাল্গুন ১৪২৬/২৩ ফেব্রুয়ারি ২০২০

নং ১৭.০০.৫৫৯৫.০৩৫.৮৬.১৬৯.১২-১৯৩।—বিজ্ঞ নির্বাচন আপিল ট্রাইবুনাল এবং যুগ্ম জেলা জজ, ১ম আদালত, মাগুরা কর্তৃক নির্বাচন আপিল মামলা নং-০১/২০১৯ এর ০৬ জানুয়ারি ২০২০ তারিখের রায় ও আদেশে নির্বাচন ট্রাইবুনাল মোকদ্দমা নং-১২/২০১৬ এর ১৬ এপ্রিল ২০১৯ তারিখের রায় বহাল ও বলবৎ রাখায় উক্ত নির্বাচন ট্রাইবুনালের আদেশ অনুযায়ী মাগুরা জেলার শ্রীপুর উপজেলাধীন ০৫নং দ্বারিয়াপুর ইউনিয়ন পরিষদের ২নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদে ১নং তরফছানি সেলিনা বেগমকে বিজয়ী ঘোষণা করাকে অবৈধ ঘোষণা এবং তৎসংক্রান্ত প্রকাশিত ১৪ মে ২০১৬ তারিখের বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, বাতিল ঘোষণা করে দরখাস্তকারী প্রার্থী মোছাঃ মিনা বেগম-কে বিজয়ী ঘোষণা করায় তাঁর দাখিলকৃত মনোনয়নপত্র অনুসারে নির্বাচন কমিশন এতদ্বারা গত ১৪ মে ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ৭৪৬৭নং পৃষ্ঠায় প্রকাশিত ১নং কলামে বর্ণিত ‘দ্বারিয়াপুর’ এর বিপরীতে ২নং কলামে বর্ণিত ‘মোছাঃ সেলিনা বেগম, স্বামী-আলী হোসেন মোল্যা, গ্রাম-মহেশপুর’ এর পরিবর্তে ‘মিনা খাতুন, স্বামী-মোঃ ইসলাম শেখ, হাম-পারপটরা’ শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপন করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান  
উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(২৬৫৯)

মূল্য : ঢাকা ৪.০০